



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION  
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 1st  
Answer Worksheet - 2  
Class - 2

Subject : Bengali Text  
Topic : প্রার্থনা

Date : 03.07.2020

নীচের প্রশ্নগুলির উত্তর লেখ।

১) ছোটো শিশুরা ভগবানের কাছে কী প্রার্থনা করছে?

উঃ ছোটো শিশুরা ভগবানের কাছে প্রার্থনা করছে যেন তারা জগতের কাজে নিজেদের সবকিছু ভুলে যেতে পারে। সবাইকে তাদের ভালোবাসা দিতে পারে। সুখে দুঃখে যেন সকলের পাশে থাকতে পারে। সকলের বেদনা ঘুচিয়ে যেন নিজেদের জীবন সফল করতে পারে।

২) 'প্রার্থনা' কবিতার কবি সম্পর্কে চারটি বাক্য লেখ।

উঃ 'প্রার্থনা' কবিতার কবি হলেন যোগীন্দ্রনাথ সরকার। তিনি ছিলেন একজন খ্যাতনামা বাঙালি শিশু সাহিত্যিক। তিনি বাংলা ভাষায় প্রথম ছড়ার সাহায্যে আমাদের অক্ষরের পরিচয় ঘটান। তাঁর সম্পাদিত 'খুকুমণির ছড়া' শিশু সাহিত্যের একটি উল্লেখযোগ্য সংকলন।

৩) 'প্রার্থনা' কবিতায় ছোটো তারা, ছোটো ফুল ও ছোটো শিশু সম্পর্কে কী বলা হয়েছে?

উঃ 'প্রার্থনা' কবিতায় ছোটো তারা সম্পর্কে বলা হয়েছে ছোটো তারা হাসে আকাশের গায়ে। ছোটো ফুল ফোটে গাছে। আর ছোটো শিশু সম্পর্কে বলা হয়েছে ছোটো শিশুরা ভগবানের কাছে প্রার্থনা করছে। প্রার্থনা করে তারা ভগবানের করুণা চাইছে।

\_\_\_\_\_ x \_\_\_\_\_

Rita Das